

নং- ৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৬.১৭. ১০১৮

তারিখঃ ১৯ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
০২ মে ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতাধীন পুকুর, দিঘি, জলাশয়সমূহ ব্যতীত অন্যান্য পুকুর ইজারা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬.০৮.২০১৫ তারিখের ২৪৬ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগকে সমগ্র দেশে পুকুর/দিঘি/খাল পুনঃখনন করার নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্তি-১)। তদপ্রেক্ষিতে জেলা পরিষদসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জেলা পরিষদের পুকুর, দিঘি, জলাশয়সমূহ পুনঃখনন করে সংলগ্ন এলাকায় পানি সরবরাহের বিষয়ে একটি প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয় (সংযুক্তি-২)। উল্লেখ্য যে, জেলা পরিষদসমূহ হতে প্রাপ্ত ২১৬৫টি পুকুরের মধ্যে জেলা পরিষদের অধীন ৯৫২টি পুকুর, দিঘি, জলাশয়ের মালিকানা নিষ্কটক হিসেবে বিবেচিত হয় (সংযুক্তি-৩)। ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগের ০৫/১০/২০১৫ তারিখের ৩৮০৮ নং স্মারকে জেলা পরিষদের মালিকানাধীন পুকুর, দিঘি ও খাল নতুনভাবে ইজারা না দেয়া এবং ইজারা শেষে তা নবায়ন না করার জন্য জেলা প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে পত্র দেয়া হয় (সংযুক্তি-৪)।

২। উল্লেখ্য, নির্বাচিত পুকুরসমূহ উন্নয়নের লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক “পল্লী অঞ্চলে পানি সরবরাহ” শীর্ষক প্রকল্প গৃহীত হয়, যার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। পরবর্তীতে পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে “জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় সমূহ পুনঃখনন/সংস্কার” শীর্ষক প্রকল্পটি ২৩/০৮/২০১৬ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়েছে।

৩। এমতাবস্থায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন অনুমোদিত “পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/ দিঘি/জলাশয়সমূহ পুনঃখনন/সংস্কার” প্রকল্পভুক্ত ৯৫২টি পুকুর ব্যতীত অন্যান্য পুকুরগুলো ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ-----।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার-----।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক-----।
- ৭। চেয়ারম্যান, জেলা পরিষদ-----।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- জেলা।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।